সংবাদ

তারিখ ···27 APR 2016···
পৃষ্ঠা ···8··· কলাম···6······

# কারিগরি শিক্ষাকে ঢেলে সাজানো হচ্ছে : শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষা জাতীয় অগ্রাধিকার খাত। কারিগরি শিক্ষা এই অগ্রাধিকারের মধ্যে সর্বোচ্চ অগ্রাধিকার খাত। ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ গড়ার লক্ষ্যে নতুন প্রজন্মকে দক্ষ জনশক্তিতে পরিণত করতে কারিগরি শিক্ষাকে ঢেলে সাজানোর কাজ চলছে। এদের বিশ্বমানের জ্ঞান ও দক্ষতায় দক্ষ করে তোলা হবে।

মন্ত্রী গতকাল কারিগরি শিক্ষা অধিদফতরের সম্মেলন কক্ষে দুই দিনব্যাপী পলিটেকনিক ইনস্টিটিউট ও টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ সমূহের অধ্যক্ষদের সম্মেলন ও 'ইন্ডাস্ট্রি-ইনস্টিটিউশন লিংকেজ' শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। কারিগরি শিক্ষা অধিদফতরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রকল্প পরিচালক মো. ইমরান, কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মোস্তাফিজুর রহমান, বিশ্বব্যাংকের অপারেসন্স অফিসার ড. মোখলেছুর রহমান প্রমুখ বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, 'বাংলাদেশের ১০ কোটি ৫৬ লাখ মানুষ কর্মক্ষম। শতকরা হারে তা ৬৬%। ২০৩০ সালে তা ৭০% এ উন্নীত হবে। এ এক বিশাল সুযোগ। এ সুযোগকে কাজে লাগাতে হবে। নতুন প্রজন্মকে আধুনিক কারিগরি প্রযুক্তিতে দক্ষ করে তুলতে হবে। এ দায়িত্ব আমাদের কারিগরি শিক্ষা অধিদপ্তরসহ সংশ্লিষ্টদের।'

তিনি বলেন, 'আজকের দিনে শুধু সার্টিফিকেট দেখিয়ে লাভ হচ্ছে না, দক্ষতা দেখাতে হয়। কাজের মান দেখাতে হয়। যারা বিশ্বমানের দক্ষতা অর্জন করছেন, তাদের জন্য সারা বিশ্বের দরজা উন্মুক্ত। পৃথিবীর যেকোন দেশে তাদের ডাক পড়ছে।' দেশের এক কোটি মানুষ বিদেশ থেকে রেমিটেন্স পাঠাচ্ছে উল্লেখ করে মন্ত্রী বলেন, এদের অধিকাংশই উচ্চ শিক্ষিত, কিন্তু অদক্ষ বা আধা-দক্ষ। এরা দক্ষ হলে রেমিটেন্সের পরিমাণ দ্বিগুণ হতে পারতো। ইতোমধ্যে সরকার কারিগরি শিক্ষায় যুগান্তকারী পরিবর্তন এনেছে। ২০০৮ সালে যেখানে কারিগরি শিক্ষায় শিক্ষার্থী ভর্তির হার ছিল ১.২%, বর্তমানে তা বেড়ে দাঁড়িয়েছে ১৩.১১%। ২০২০ সালের মধ্যে এ হার ২০%এ উন্নীত করা হবে।